**PUBDET-2023**

**Paper - V**

**Subject : BENGALI**

**বিষয় : বাংলা**

**(Booklet Number)**

**সময়: ৯০ মিনিট** **মোট প্রশ্ন : ৫০ টি** **পূর্ণমান : ১০০**

## নির্দেশাবলী

১. এই প্রশ্নপত্রের সব প্রশ্নই অবজেক্টিভ প্রশ্ন এবং প্রতিটি প্রশ্নের চারটি সম্ভাব্য উত্তর দেওয়া আছে যার একটি মাত্র সঠিক। সঠিক উত্তর চিহ্নিত করলে 2 নম্বর পাবে। ভুল উত্তর চিহ্নিত করলে অথবা একাধিক উত্তর চিহ্নিত করলে ½ নম্বর কাটা যাবে।

২. OMR পত্রে A, B, C, D চিহ্নিত সঠিক ঘরটি ভরাট করে উত্তর দিতে হবে।

৩. OMR পত্রে উত্তর দিতে শুধুমাত্র **কালো** বা **নীল** কালির বল পয়েন্ট পেন ব্যবহার করবে।

৪. OMR পত্রে নির্দিষ্ট স্থান ছাড়া অন্য কোথাও কোনো দাগ দেবে না।

৫. OMR পত্রে নির্দিষ্ট স্থানে প্রশ্নপত্রের নম্বর এবং নিজের রোল নম্বর অতি সাবধানতার সাথে লিখতে হবে এবং প্রয়োজনীয় ঘরগুলি পূরণ করতে হবে।

৬. OMR পত্রে নির্দিষ্ট স্থানে নিজের নাম ও পরীক্ষাকেন্দ্রের নাম লিখতে হবে এবং নিজের (Admit Card এ উল্লেখিত) স্বাক্ষর করতে হবে।

৭. প্রশ্নপত্রের নম্বর বা রোল নম্বর ভুল লিখলে অথবা ভুল ঘর ভরাট করলে, পরীক্ষার্থীর নাম, পরীক্ষাকেন্দ্রের নাম বা স্বাক্ষরে কোনো ভুল থাকলে উত্তরপত্র বাতিল হয়ে যেতে পারে। OMR পত্রটি ভাঁজ হলে বা তাতে অনাবশ্যক দাগ পড়লেও বাতিল হয়ে যেতে পারে। পরীক্ষার্থীর এই ধরনের ভুল বা অসর্তকতার জন্য উত্তরপত্র বাতিল হলে একমাত্র পরীক্ষার্থী নিজেই তার জন্য দায়ী থাকবে।

৮. মোবাইল ফোন বা যে কোন ধরনের ইলেকট্রনিক গ্যাজেট, ক্যালকুলেটর, স্লাইডরুল, লগটেবল, হাতঘড়ি, রেখাচিত্র, গ্রাফ বা কোনো ধরনের তালিকা, কলম ইত্যাদি পরীক্ষাকক্ষে আনা যাবে না। আনলে সেটি বাজেয়াপ্ত হবে এবং পরীক্ষার্থীর ওই পরীক্ষা বাতিল করা হবে।

৯. প্রশ্নপত্রে রাফ কাজ করার জন্য ফাঁকা জায়গা দেওয়া আছে। অন্য কোনো কাগজ এই কাজে ব্যবহার করবে না।

১০. পরীক্ষাকক্ষ ছাড়ার আগে OMR পত্র অবশ্যই পরিদর্শককে দিয়ে যাবে।

১১. পরীক্ষাশেষে পরীক্ষার্থীরা প্রশ্নপত্রটি নিয়ে যাবে।

**পরীক্ষার্থীর স্বাক্ষর :** ______________________________

**(Admit Card - এ উল্লেখিত)**

**পরিদর্শকের স্বাক্ষর :** ______________________________

**Bengali**

## SPACE FOR ROUGH WORK

CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL

# BENGALI

1. ‘পাণ্ডব বিজয় পঞ্চালিকা’ কাব্যটি কার রচনা ?
   (A) শ্রীকর নন্দী (B) পরমেশ্বর দাস (C) দ্বিজ রঘুনাথ (D) ঘনশ্যাম দাস

2. নিচের কোন্ তথ্যটি সঠিক নয় ?
   (A) ‘ম্যাজিক’ শব্দটি এসেছে পারসী ‘ম্যাজি’ শব্দ থেকে।
   (B) ‘যাদুবিদ্যা’ গ্রন্থটির রচয়িতা প্রতুলচন্দ্র সরকার।
   (C) ‘তেরো নদীর পারে’ চলচ্চিত্রের বিষয় সার্কাসের সঙ্গে জড়িত মানুষের জীবন।
   (D) ‘বাঙালির সার্কাস’ বইটি লিখেছিলেন অবনীন্দ্রকৃষ্ণ বসু।

3. নিম্নলিখিত কোন গ্রন্থটি কবি বিদ্যাপতির রচনা নয় ?
   (A) সঙ্গীত মাধব (B) পুরুষ পরীক্ষা
   (C) দুর্গাভক্তিতরঙ্গিনী (D) কীর্তিলতা

4. জ্ঞানদাস কোন সময়ের কবি ?
   (A) চর্তুদশ শতাব্দী (B) পঞ্চদশ শতাব্দী
   (C) ষোড়শ শতাব্দী (D) সপ্তদশ শতাব্দী

5. খো খো খেলাটি ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের স্বীকৃতি লাভ করে
   (A) 1982 সালে (B) 1984 সালে (C) 1985 সালে (D) 1987 সালে

6. চৈতন্য জীবনী অবলম্বনে কবিকর্ণপুর রচিত নাটকটির নাম কী ?
   (A) গৌরাঙ্গবিজয় (B) চৈতন্যমঙ্গল (C) চৈতন্যভাগবত (D) চৈতন্যচন্দ্রোদয়

7. ‘ময়মনসিংহ গীতিকা’ প্রথম কার সম্পাদনায় গ্রন্থাকারে প্রকাশিত হয় ?
   (A) আশুতোষ ভট্টাচার্য (B) দীনেশচন্দ্র সেন
   (C) হরপ্রসাদ শাস্ত্রী (D) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

8. ‘স্কুল বুক সোসাইটি’ কত সালে প্রতিষ্ঠিত হয় ?
   (A) 1801 (B) 1809 (C) 1817 (D) 1820

9. বাংলা ভাষার প্রথম সচিত্র মাসিক পত্রিকা ‘বিবিধার্থ সংগ্রহ’-এর সম্পাদক কে ছিলেন ?
   (A) দেবেন্দ্রনাথ ঠাকুর (B) রাজেন্দ্রলাল মিত্র
   (C) ঈশ্বরচন্দ্র গুপ্ত (D) রামচন্দ্র মিত্র

10. ‘রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ’ বইটি কার লেখা ?
    (A) শিবনাথ শাস্ত্রী (B) রমেশচন্দ্র দত্ত
    (C) সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় (D) হরপ্রসাদ শাস্ত্রী

11. নিচের প্রবাদগুলির মধ্যে কোন্‌টি প্রতারণামূলক ?
(A) কাজের বেলায় কাজী, কাজ ফুরোলেই পাজি
(B) ছুঁচ হয়ে ঢোকে, ফাল হয়ে বেরোয়
(C) নিজের বেলায় আঁটিসুঁটি পরের বেলায় দাঁতকপাটি
(D) মুখ খুব মিঠে নিম-নিশিন্দা-পেটে

12. নিম্নলিখিত তথ্যচিত্রগুলির মধ্যে যে তথ্যচিত্রটি হরিসাধন দাশগুপ্তের নির্মাণ নয়, সেটি হল
(A) আচার্য নন্দলাল (B) বাবা
(C) বিরজু মহারাজ (D) বাবা গুলাম আলি খান

13. কত খ্রিস্টাব্দে কাজী নজরুল ইসলামের জন্ম হয় ?
(A) 1891 (B) 1893 (C) 1898 (D) 1901

14. 'দ্যা ডিসগাইজ' নামক ইংরেজি নাটকটির প্রথম বঙ্গানুবাদ কে করেন ?
(A) গেরাসিম স্তেফানোভিচ লেবেদফ (B) গোলকনাথ দাস
(C) প্রসন্নকুমার ঠাকুর (D) গিরিশচন্দ্র ঘোষ

15. ব্রিটিশ সরকার কত সালে 'অভিনয় নিয়ন্ত্রণ আইন' চালু করে ?
(A) 1857 (B) 1861 (C) 1872 (D) 1876

16. 'বারো ঘর এক উঠোন' উপন্যাসটি কার রচনা ?
(A) নরেন্দ্রনাথ মিত্র (B) সন্তোষকুমার ঘোষ
(C) জ্যোতিরিন্দ্র নন্দী (D) সমরেশ বসু

17. নিচে উল্লিখিত কোন্ কাব্যগ্রন্থটি বিষ্ণু দে রচিত নয় ?
(A) কঙ্কাবতী (B) চোরাবালি
(C) উর্বশী ও আর্টেমিস (D) সাত ভাই চম্পা

18. রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা নিম্নলিখিত কোন্ কাব্যগ্রন্থটি 'গীতাঞ্জলি' প্রকাশের পরবর্তীকালে প্রকাশিত হয় ?
(A) নৈবেদ্য (B) ক্ষণিকা (C) স্মরণ (D) পূরবী

19. 'কেনচিৎ পথিকেনাভি প্রণীতম্' ছদ্মনামে লেখা হয়েছিল কোন্ নাটকটি ?
(A) সধবার একাদশী (B) গজদানন্দ ও যুবরাজ
(C) নীলদর্পন (D) ভারতে যবন

20. স্বর্ণকুমারী দেবী কোন্ পত্রিকার সম্পাদকের দায়িত্ব পালন করেছিলেন ?
(A) বঙ্গদর্শন (B) ভারতী (C) সবুজপত্র (D) প্রবাসী

21. নিম্নলিখিত কোন্ পত্রিকাকে কেন্দ্র করে বাংলা গদ্যে চলিত গদ্যরীতি ব্যবহারের আন্দোলন গড়ে ওঠে ?
(A) সংবাদ প্রভাকর (B) সাধনা (C) সবুজপত্র (D) বিচিত্র

22. রবীন্দ্রনাথ ঠাকুরের ‘কর্তার ভূত’ রচনাটি কোন্ গ্রন্থের অংশ ?
(A) গল্পগুচ্ছ (B) বিচিত্র প্রবন্ধ (C) লিপিকা (D) পঞ্চভূত

23. নিচের কোন্ জোড়াটি সঠিক নয় ?
(A) উদয়ের পথে - বিমল রায় (B) ছিন্নমূল - হেমেন গুপ্ত
(C) পলাতক - তরুণ মজুমদার (D) সাগিনা মাহাতো - তপন সিন্হা

24. কত খ্রিস্টাব্দে গ্যালিলিওর মৃত্যু হয় ?
(A) 1642 (B) 1645 (C) 1649 (D) 1652

25. কোন্ কোন্ বারে তেলেনাপোতা আবিষ্কার করা সম্ভব ?
(A) রবি ও বুধ (B) রবি ও মঙ্গল (C) শনি ও রবি (D) শনি ও মঙ্গল

26. ‘তুমি ডাক দিয়েছ কোন সকালে কেউ তা জানে না’ -এই গানটির গায়ক
(A) পঞ্চক (B) মহাপঞ্চক (C) তৃতীয় যূনক (D) দাদাঠাকুর

27. ‘গারো পাহাড়ের নীচে’ লেখাটির আখ্যান যাকে উদ্দেশ্য করে আরম্ভ হয়
(A) নিজেকে (B) তুমি পক্ষকে (C) সে পক্ষকে (D) কাউকেই নয়

28. কেরালার কোন্ শহরে কবি আইয়াপ্পা পানিকরের জন্ম হয় ?
(A) ত্রিবান্দম (B) কোভালাম (C) কোচি (D) ত্রিচূড়

29. রবীন্দ্রনাথের ‘গুরু’ নাটকটি প্রথম কোন্ প্রকাশনা থেকে বেরোয় ?
(A) ইন্ডিয়ান পাবলিশিং হাউস (B) মজুমদার লাইব্রেরি
(C) বিশ্বভারতী গ্রন্থালয় (D) আদি ব্রাহ্মসমাজ প্রকাশনা

30. ‘হাতখানি’ শব্দের রূপমূলগুলি হল
(A) দুটি স্বাধীন রূপমূল
(B) দুটি পরাধীন রূপমূল
(C) প্রথমটি পরাধীন ও পরেরটি স্বাধীন রূপমূল
(D) প্রথমটি স্বাধীন ও পরেরটি পরাধীন রূপমূল

31. নিম্নলিখিত কোন্ বানানটি যথার্থ, জানাও
(A) শান্তনা (B) স্বান্তনা (C) সান্ত্বনা (D) শ্বান্তনা

32. টেলিফোন > ফোন
– এটি একটি
(A) ক্লিপিংস-এর উদাহরণ (B) মুন্ডমাল শব্দের উদাহরণ
(C) বর্গান্তরের উদাহরণ (D) বিকল্পন-এর উদাহরণ

**33.** ‘অন্ন লক্ষ্মী, অন্ন লক্ষ্মী, অন্নই লক্ষ্মী, ঠাগমা বলত। ঠাগমা বলত, রন্ন হল মা নক্কী।’ - কোন্ ছোটো গল্পের সংলাপ এটি ?

(A) কে বাঁচায়, কে বাঁচে (B) ভাত
(C) ডাকাতের মা (D) ভারতবর্ষ

**34.** প্রুফ সংশোধনের সময় মার্জিনে একটি করে সংশোধন হয়ে যাওয়ার পর যে চিহ্নটি ব্যবহার করতে হয়

(A) দাঁড়ি (।) (B) স্ল্যাশ (/) (C) কমা (,) (D) ফুলস্টপ (.)

**35.** ‘কালি’ - এই শব্দটির যে অর্থ বদল সময়ের সঙ্গে সঙ্গে ঘটেছে সেটি আসলে

(A) শব্দার্থের রূপান্তর (B) শব্দার্থের সংকোচ
(C) শব্দার্থের প্রসার (D) শব্দার্থের নতুন জন্ম

**36.** নিম্নলিখিত কোন্ উপমানটি জীবনানন্দ দাশের ‘শিকার’ কবিতার অংশ নয় ?

(A) অশ্বত্থপাতার ক্ষয়ে যাওয়া শিরার মতো (B) গোধূলিমদির মেয়েটির মতো
(C) শালিকের হৃদয়ের বিবর্ণ ইচ্ছার মতো (D) কচি বাতাবিলেবুর মতো

**37.** সমর সেনের লেখা বিখ্যাত আত্মজীবনীমূলক -গ্রন্থটির নাম কী ?

(A) দিনের পরে দিন যে গেল (B) অক্ষয় মালবেরি
(C) অর্ধেক জীবন (D) বাবু বৃত্তান্ত

**38.** প্রুফ সংশোধনের সময় # (হ্যাশ) চিহ্ন ব্যবহৃত হয় -

(A) উদ্ধৃতি বসানোর জন্য (B) শব্দ জোড়ার জন্য
(C) ফাঁক কমানোর জন্য (D) ফাঁক রাখার জন্য

**39.** মৃদুল দাশগুপ্তের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থটির নাম কী ?

(A) গোপনে হিংসার কথা বলি (B) সূর্যাস্তে নির্মিত গৃহ
(C) জলপাই কাঠের এসরাজ (D) এভাবে কাঁদে না

**40.** ‘বিভাব’ নাটকের ‘সূচনা’ অংশে শম্ভু মিত্র জানিয়েছিলেন যে, তাঁদের মনে হয় এ নাটকের একটি ভিন্ন ‘নাম হওয়া উচিত’। সেই নামটি কী ?

(A) অনুভাব নাটক (B) সঞ্চারী নাটক (C) অভাব নাটক (D) স্বভাব নাটক

**41.** ‘দিনরাত’ শব্দটি একটি

(A) জটিল রূপমূল (B) সমন্বয়ী পরিবর্তিত রূপমূল
(C) পরিবর্তিত নিষ্পাদিত রূপমূল (D) মিশ্ররূপমূল

**42.** ‘নানা রঙের দিন’ নাটকে প্রম্পটার কালীনাথ সেনের বয়স কত ?

(A) প্রায় ৫০ (B) প্রায় ৬০ (C) প্রায় ৭০ (D) প্রায় ৮০

43. 'দ্য থ্রি পেনি অপেরা' নাটকটি কার লেখা ?
(A) গাবরিয়েল গার্সিয়া মার্কেজ (B) শেক্সপীয়র
(C) বার্নার্ড শ (D) বের্টোল্ট ব্রেখ্ট

44. নিচের কোন্ যুগ্মকটি সঠিক নয় ?
(A) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী - বঙ্গলক্ষীর ব্রতকথা
(B) গিরীন্দ্রশেখর বসু - গাছের কথা
(C) জগদীশচন্দ্র বসু - পলাতক তুফান
(D) ভগবতীচরণ বন্দ্যোপাধ্যায় - উদ্ভিদ বৃত্তান্ত

45. 'আমার বাংলা' বইটি কাকে উৎসর্গ করেছিলেন সুভাষ মুখোপাধ্যায় ?
(A) জলিমোহন কল (B) শিশিরকুমার দাশ
(C) ফণীশ্বরনাথ রেনু (D) আর কে নারায়ণ

46. নীচের কোন্ যুগ্মকটি সঠিক নয় ?
(A) রাধাগোবিন্দ কর - সিরোসিস অব লিভার ইন চিলড্রেন
(B) উপেন্দ্রনাথ ব্রহ্মচারী - ইউরিয়া স্টিবামাইন
(C) বিপিনবিহারী দাস - 'স্বদেশি' গাড়ি
(D) ইন্দুমাধব মল্লিক - ইকমিক কুকার

47. "পরীক্ষার আগের দিন লুচি-ফুচি খাওয়া যাবে না !" - এখানে 'ফুচি' শব্দটি হল
(A) পদদ্বৈত (B) অনুকার পদ (C) শূন্যরূপ (D) বর্গান্তর

48. মৃত্যুঞ্জয় এবং নিখিল, কোন্ ছোটোগল্পের দুটি চরিত্র ?
(A) তেলেনাপোতা আবিষ্কার (B) কে বাঁচায়, কে বাঁচে
(C) ভারতবর্ষ (D) ভাত

49. "ভদ্রলোকে বলে 'পউষে বাদলা'। ছোটলোকে বলে ________ ।"
শূন্যস্থানে ব্যবহৃত ঠিক শব্দটি কী ?
(A) 'ফাঁপি' (B) 'বচন' (C) 'ঢোল' (D) 'ডাওর'

50. অবনীন্দ্রনাথ ঠাকুর যে ধরণের চিত্ররীতির প্রবক্তা সেটি হল
(A) নব্য - ভারতীয় চিত্ররীতি (B) নব্য - বঙ্গীয় চিত্ররীতি
(C) নব্য - বিদেশি চিত্ররীতি (D) নব্য - পারসিক চিত্ররীতি

## SPACE FOR ROUGH WORK

CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL